

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-০৭
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.imed.gov.bd.



নথি নং ২১.০০.০০০০.৫০৭.১৪.০৬৯.১৭-৮৬

তারিখ: ০৯/১২/২০২০ খ্রি:

বিষয়: “চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন: সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ”
শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতায় নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত “চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন: সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক সমাপ্ত প্রকল্পটি গত ০৫/১১/২০২০ খ্রি: তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক সরেজমিন পরিদর্শন করা হয়। উক্ত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৮ (আট) পৃষ্ঠা।

১০/১০/১০/১০
মশিউর রহমান
উপ-পরিচালক (উপসচিব)
ফোন: ৯১৮০৬০২

B/C

সচিব

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা- ১০০০।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যোত্তার ভিত্তিতে নয়) :

- ১) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩) প্রকল্প পরিচালক, “চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন: সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্প, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫) মহাপরিচালক (সেক্টর-০৭) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 পরিকল্পনা মন্ত্রণালয়
 বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
 পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-০৭
 শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭
www.imed.gov.bd

সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন' ২০২০)

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী : মশিউর রহমান, উপ-পরিচালক (উপসচিব)।

পরিদর্শনের তারিখ : ০৫/১১/২০২০ খ্রিঃ

- ১। প্রকল্পের নাম : “চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন: সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্প।
- ২। উদ্যোগী মন্ত্রণালয় : গৃহায়ন ও গণপূর্তি মন্ত্রণালয়।
- ৩। বাস্তবায়নকারী সংস্থা : নগর উন্নয়ন অধিদপ্তর।

৪। প্রকল্প এলাকা :	বিভাগ	জেলা	চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলা		সিটি কর্পোরেশন/ পৌরসভা	সমগ্র বাংলাদেশ
			চট্টগ্রাম	চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলা।		
			মিরসরাই	-		

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)						
প্রারম্ভিক ব্যয়	প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	হাসকৃত ব্যয় (মূল প্রারম্ভিক ব্যয়ের %)	অতিক্রাপ্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭
৫৩৮.২৬	৫৩৮.২৬	৪৬১.২০	জানুয়ারি, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৮	জানুয়ারি, ২০১৭ হতে জুন, ২০২০	জানুয়ারি, ২০১৭ হতে জুন, ২০২০	৭৭.০৬ (১৪.৩২%)
						১৮ মাস (৭৫%)

প্রকল্পের পটভূমি:

বর্তমানে প্রশাসনিক পুনর্বিগ্যাসকরণ প্রক্রিয়ায় উপজেলাকে প্রশাসনের একটি গুরুত্বপূর্ণ স্তর বলে চিহ্নিত করা হয়েছে। এই স্তরে উপজেলাসমূহের অন্তর্ভুক্ত সকল জনপদ প্রয়োজনীয় ভৌত-অবকাঠামোগত অত্যাধুনিক নাগরিক সেবা-সুবিধাদিসহ পরিকল্পিত উপায়ে গড়ে তোলা প্রয়োজন। এই প্রক্রিয়ার মাধ্যমে সকল সরকারী, প্রশাসনিক, অর্থনৈতিক ও ভৌত-অবকাঠামোগত সুবিধাদি প্রস্তাবিত প্রকল্পের আওতায় প্রাপ্তিক জনগোষ্ঠীর নিকট পৌছে দেয়া সম্ভব হবে। কিলোমিটার এবং জিআইএস ভিত্তিক জরিপ অনুযায়ী প্রকল্প এলাকা ৫০৯.৮০ বর্গ কিলোমিটার। তোগোলিকভাবে মীরসরাই উপজেলা ২২°৩৯'থেকে ২২°৫৯' উত্তর অক্ষাংশ এবং ৯১°২৭'থেকে ৯১°৩৯' পূর্ব দ্রাঘিমাংশে অবস্থিত। উপজেলার উত্তরে ভারতের ত্রিপুরা রাজ্য, ছাগলনাইয়া ও ফেনী সদর উপজেলা, দক্ষিণে সীতাকুন্ড উপজেলা ও বঙ্গোপসাগর, পূর্বে ফটিকছড়ি উপজেলা, পশ্চিমে সোনাগাজী ও কোম্পানীগঞ্জ (নোয়াখালী) উপজেলা। মীরসরাই থানা গঠিত হয়েছিল ১৯০১ সালে যা পরবর্তীতে ১৯৮৩ সালে উপজেলায় রূপান্তরিত হয়। মীরসরাই উপজেলা গঠিত হয়েছে ২টি

পৌরসভা, ১টি ইউনিয়ন নিয়ে। বাংলাদেশ পরিসংখ্যান বুরোর তথ্য মতে চট্টগ্রাম জেলার অন্তর্গত মীরসরাই উপজেলার আয়তন ৪৮২.৮৮ বর্গমান এবং ১০৩ মৌজা নিয়ে।

০৬। প্রকল্পের উদ্দেশ্যঃ

- (i) ସାମାଜିକ ସମ୍ପଦକେ ଦେଶେର ଉତ୍ସନ୍ମାନ ପ୍ରକ୍ରିୟାର ମୂଳ ଧାରାର ସାଥେ ଏକତ୍ରିକରଣ କରା।
 - (ii) ପ୍ରକଳ୍ପ ଏଲାକାର କୃଷି ଜଗି ରକ୍ଷା କରା
 - (iii) ପ୍ରକଳ୍ପ ଏଲାକାଯ ପରିଟିନ ଶିଖରେ ଉତ୍ସନ୍ମାନ
 - (iv) ପ୍ରକଳ୍ପ ଏଲାକାଯ ଦୁର୍ଯ୍ୟୋଗ ଝୁକ୍ତି ହାସକରଣ

০৭। প্রকল্পের মূল কার্যক্রম:

- পরামর্শক (ব্যক্তি)
 - মৌজা ম্যাপ ক্রয়
 - স্যাটেলাইট ইমেজ ও অন্যান্য ডকুমেন্ট ক্রয়
 - মৌজা ম্যাপ প্রকিয়াকরণ, ডিজিটাইজেশন ডাটাবেজ প্রস্তুত
 - জরিপ ও সমীক্ষা
 - হাইড্রোজিওলজিক্যাল ও প্রকৌশল জরিপ
 - বেষ্ঠমার্ক স্থাপন
 - ধানবাহন ভাড়া
 - জ্বালানী ব্যয়
 - অন্যান্য ব্যয় (সেমিনার, কর্মশালা, বিজ্ঞাপন ইত্যাদি)
 - কম্পিউটার ও যন্ত্রপাতি ক্রয়
 - জরিপ উপকরণ ক্রয়
 - আসবাবপত্র ক্রয়

০৮। প্রকল্পের সার্বিক অগ্রগতি:

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাকল্পিত ব্যয় ৫৩৮.২৬ লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুমায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ৪৬৫.১০ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাকল্পিত ব্যয়ের ৮৬%। বাস্তব অগ্রগতি পিসিআর এ উল্লেখ করা হয়নি। তবে পিসিআর এ অভিভিত্তিক বাস্তব অগ্রগতি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রকল্পের আওতায় সমন্বয় কাজ সম্পূর্ণ হয়েছে।

N. D. Brown

৯। প্রকল্পের অংগভিত্তিক অগ্রগতি:

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৭)	(৮)
১	ব্যক্তি পরামর্শকের বেতন	জনমাস	৩৭.৫০	৩৯	১২.৭৫	১৭
২	জরিপ ও সমীক্ষা (ফিজিক্যাল পিচার সার্ভে জিওলজিক্যাল সার্ভে, সোসিও-ইকোনমিক সার্ভে, ট্রান্সপোর্টেশন সার্ভে, বেইজ লাইন সার্ভে, হাইড্রো-জিওলজিক্যাল সার্ভে)	ব:মি:	২১২.৩৮৫	৮৮২.৮৮ ব: মি:	২১০.৫৯	৮৮২.৮৮ ব: মি:
৩	মৌজা ম্যাপ ক্ষয়নিং প্রসেসিং, ডিজিটাইজেশন ও প্রিন্টিং	১১৯৩২৪.৮৮ একর	-	-	-	-
৪	ইমেজ প্রসেসিং, থ্রি- ডি ডিজিটাইজেশন, ডাটাবেইজ প্রিপারেশন, জিওরেফারেন্সিং ও প্রিন্টিং	ব:মি:	৫.৯০	৮৮২.৮৮ ব:মি:	৫.৯০	৮৮২.৮৮ ব:মি:
৫	ঘানবাহন ভাড়া	থোক	৮.৫০	থোক	৮.৫০	থোক
৬	অফিস ভাড়া	মাস	৯.৮০	৩৬ মাস	৯.৮০	৩৬ মাস
৭	বিদেশ ভ্রমণ	থোক	৩১.২	২	১৯.৭৫	১
৮	সম্মানী (বিভিন্ন কমিটির সদস্য বাবদ)	থোক	৬.৯৫	থোক	৫.৩৪	থোক
৯	সেমিনার, ওয়ার্কশপ, পিআরএ ইত্যাদি	সংখ্যা	২৬.৫০	সেমিনার ১ ওয়ার্কশপ ৪, পিআরএ ৫০	২০.২৭	সেমিনার ১, ওয়ার্কশপ ৪, পিআরএ ৫০
১০	এডভারটিজম্যান্ট এবং পাবলিসিটি	থোক	১৫.৫০	থোক	১২.৭৬	থোক
১১	রিপোর্ট প্রিন্টিং বাইডিং এবং অন্যান্য	থোক	১০.৫০	থোক	০.০০	থোক
১২	কমিউনিকেশন এবং প্রোস্টেজ	থোক	০.৩৫	থোক	০.০৩	থোক
১৩	ওয়েব ডিজাইন, হোস্টিং এবং রক্ষণাবেক্ষণ	-	-	-	-	-
১৪	অন্যান্য খরচ (পিআইসি ও স্টিয়ারিং কমিটি আয়োজন, পাবলিক হেয়ারিং, অ্যাপস, মডেল এবং আনুসার্কিক ইত্যাদি)	থোক	১২.০০	থোক	১১.৩৮	থোক

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(খ) মূলধন খাত						
১৫	স্যাটেলাইট ইমেজ, সেকেন্ডারি ডাটা সংগ্রহ	বর্গ কিঃমি:	২১.১৩	৫১০ বর্গ কিঃমি:	২১.১৩	৫১০ বর্গ কিঃমি:
১৬	মৌজা ম্যাপ ত্রয়	২৬০টি	১.৭৯	২৬০টি	১.৭৮১	২৫৯টি
১৭	কম্পিউটার, কম্পিউটার যন্ত্রাংশ ও সফট ওয়্যার	সংখ্যা	১৬.৮১	২৫টি	১৬.৫৭	২৫
১৮	সার্ভে যন্ত্রাংশ	সেট	৪২.০০	১টি	৪১.৬৫	১টি
১৯	আসবাবপত্র ত্রয়	থোক	৩.১৮	থোক	৩.১৭	থোক
সর্বমোট			৫৩৮.২৬	--	৪৬১.২০ (৮৫.৬৮%)	

১০ (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাকলিত ব্যয়				বাস্তবায়ন কাল (বছর/মাস)	অনুমোদনের তারিখ	*পরিবর্তন(+/-)	
	মোট	জিওবি	প্রাঃসা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ(%)
মূল	৫৩৮.২৬	৫৩৮.২৬	-	-	জানুয়ারি, ২০১৭ হতে ডিসেম্বর, ২০১৮	১৭/০১/২০১৭		-
ব্যয় বৃক্ষি ব্যতিরেকে মেয়াদ বৃক্ষি (১ম)	৫৩৮.২৬	৫৩৮.২৬	-	-	জানুয়ারি, ২০১৭ হতে জুন, ২০২০	১৭/০১/২০১৯	৭৭.০৬ (১৪.৩২%)	১৮ মাস (৭৫%)

(খ) মূল প্রাকলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃক্ষির হার (%): প্রযোজ্য নয়।

(গ) মূল প্রাকলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃক্ষির হার (%): মেয়াদ বৃক্ষির হার ৭৫%

১১ (খ) প্রকল্পের আওতায় বরাদ্দ, অর্থচাড় ও প্রকৃত ব্যয় সংক্রান্ত:

(লক্ষ টাকা)

অর্থ বছর	ডিপিপি/টিপিপি সংস্থান	এডিপি/আরএডিপি বরাদ্দ	অর্থ চাড় (%)	প্রকৃত ব্যয় (%)
২০১৬-১৭	১১৯.৩৭	৫.০০	৫.০০	৮.৯৯
২০১৭-১৮	৩৫৯.৯০	২৫০.০০	২০৮.৬৪	২০৮.৬৪
২০১৮-১৯	৫৮.৯৯	১৫০.০০	১৪৭.৬৭	১৪৭.৬৭
২০১৯-২০	--	১৭৫.০০	১৭৫.০০	৯৯.৯০
মোট	৫৩৮.২৬	৫৮০.০০	৫৩৬.৩১ (৯৯.৬৮%)	৪৬১.২০ (৮৫.৬৮%)

[Signature]

১২। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নাম ও পদবি	পূর্ণকালীন	খন্দকালীন	দায়িত্বকাল	
			হতে	পর্যন্ত
আহমেদ আখতারুজ্জামান সিনিয়র প্লানার, নগর উন্নয়ন অধিদপ্তর।	না	হ্যা	১৭/০১/২০১৭	৩০/০৬/২০২০

১৩। প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :

বিগত ০৫/১১/২০২০ তারিখে আইএমইডি'র উপ পরিচালক, জনব মশিউর রহমান কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

সুনির্দিষ্ট উদ্দেশ্য (ডিপিপি অনুযায়ী)	প্রকৃত অর্জন	অর্জিত না হওয়ার কারণ (যদি থাকে)
(i) বাস্তুতন্ত্র, অর্থনৈতিক এবং সামাজিক সম্পদকে দেশের উন্নয়ন প্রক্রিয়ার মূল ধারার সাথে একত্রীকরণ করা।	<ul style="list-style-type: none"> বিশেষায়িত শিল্পাঞ্চল বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প নগরকে মাস্টার প্ল্যান প্রণয়নে একত্রীকরণ করা হয়েছে। ইকোজিকিয়ালি সেনসিটিভ অঞ্চল চিহ্নিত করণের জন্য উন্নিটি ও প্রাচীকূল জরিপ পরিচালিত হচ্ছে, যেন ভবিষ্যতে পরিবেশের ভারসাম্য নষ্ট না হয়। বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প নগর এবং উপজেলার সম্ভাব্য গ্রোথ সেন্টার গুলোর সাথে ভবিষ্যতে উন্নত যোগাযোগের জন্য টেকসই রোড নেটওয়ার্ক প্রস্তাব করা হয়েছে, যা অঞ্চল গুলোর মধ্যে সুস্থু যান চলাচল নিশ্চিত করবে এবং ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের উপর চাপ হাস করবে। সম্ভাব্য গ্রোথ সেন্টারসমূহ চিহ্নিত করে উন্নয়নের মাধ্যমে ভবিষ্যতে সেগুলোকে বাণিজ্যিক কেন্দ্র হিসেবে গড়ে তোলার প্রস্তাব করা হয়েছে। উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে জনসাধারণকে সম্পর্ক করা হয়েছে। 	আপাতদৃষ্টিতে স্বল্প মেয়াদে উদ্দেশ্য অর্জিত হলেও প্রত্বা মূল্যায়নের মাধ্যমে প্রকৃত উদ্দেশ্য নিরূপণ করা যাবে।
(ii) প্রকল্প এলাকার কৃষি জমি রক্ষা করা।	<ul style="list-style-type: none"> দুই ফসলী এবং তিন ফসলী জমি রক্ষায় বিদ্যমান মীতিমালা অনুযায়ী ভূমি ব্যবহার প্রস্তাব করা হয়েছে। 	
(iii) প্রকল্প এলাকায় পর্যটন শিল্পের উন্নয়ন	<ul style="list-style-type: none"> মহামায়া লেক, খৈয়াছড়া ঝর্ণা, বুপসী ঝর্ণা ইত্যাদিসহ বাইরেই জাতীয় উদ্যানকে সমর্পিত পর্যটন কেন্দ্রে পরিণত করার প্রস্তাব করা হয়েছে। বিদ্যমান খাল ও নদীকে কেন্দ্র করে পর্যটন কর্মকাণ্ডের প্রস্তাব করা হয়েছে। 	
(iv) প্রকল্প এলাকায় দুর্যোগ বুঁকি হাসকরন	<ul style="list-style-type: none"> জিওলজি এবং হাইড্রো-জিওলজি জরিপের মাধ্যমে উপজেলার দুর্যোগ প্রবণ অঞ্চলসমূহ চিহ্নিত করা হয়েছে। কৌশলগত পরিকল্পনা মীতিতে দুর্যোগ প্রবণ এলাকাগুলোর জন্য নিয়ন্ত্রিত ভূমি ব্যবহারের প্রস্তাব করা হয়েছে। 	

১৫। প্রকল্পটির বাস্তবায়নের প্রভাব:

মীরসরাই উপজেলায় পরিকল্পিত নগরায়নের ক্ষেত্রে প্রগতি মাস্টার প্ল্যান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ২০৩০ অর্জনে টার্ফেট-১১ এর আওতায় মীরসরাই উপজেলাকে নিরাপদ, সহনীয় ও টেকসই করে গড়ে তুলতে প্রগতি মাস্টার প্ল্যান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

প্রকল্পটির বাস্তবায়নে নিম্নোক্ত প্রভাবগুলো ফুটে উঠেছে:

- এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে শহর পরিকল্পনা এবং গ্রামীণ পরিকল্পনা এবং ৫ বৎসর মেয়াদী সেস্টের ভিত্তিক এ্যাকশন এরিয়া প্ল্যান প্রণয়ন করা হয়েছে যা উপজেলা প্রশাসন এবং পৌরসভা অনুসরণ করে তাদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করতে পারে;
- ভূমির যেকোন ধরনের পরিকল্পনাহীন পরিবর্তন/ভূমির অপব্যবহার হতে মূল্যবান কৃষি জমি সুরক্ষা করার পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে;

[Signature]

- প্রকল্প এলাকার জন্য উপ-আঞ্চলিক পরিকল্পনা, কাঠামোগত পরিকল্পনা, শহর পরিকল্পনা, গ্রামীণ এলাকা পরিকল্পনা ও বিষয় ভিত্তিক পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

১৬। প্রকল্পটির বাস্তবায়নের সুফল এর Sustainability:

নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভর করছে :

- শহর পরিকল্পনা এবং গ্রামীণ পরিকল্পনা এবং ৫ বৎসর মেয়াদী সেক্টর ভিত্তিক এ্যাকশন এরিয়া প্ল্যান প্রণয়নপূর্বক উপজেলা প্রশাসন এবং পৌরসভা অনুসরণ করে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করার মাধ্যমে দেশের টেকসই উন্নয়ন সম্ভব।

১৭। সাধারণ পর্যবেক্ষণঃ

- অধিকাংশ ক্রয় ও টিএম প্রক্রিয়ায় সম্পর্ক হয়েছে ;
- একাধিক দরদাতা প্রতিষ্ঠান টেক্সার প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছে ;
- কার্যসম্পাদনে অতিরিক্ত সময় ব্যয় করা হয়েছে এবং
- ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে।

১৮। সার্বিক পর্যবেক্ষণঃ

১৮.১। প্রকল্পের মাধ্যমে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক উপজেলা মাষ্টার প্লান প্রণয়নের কাজ সম্পন্ন হয়েছে। মাষ্টার প্লান প্রণয়নে তিটি প্রতিবেদন পরামর্শকগণের নিকট হতে আউটপুট হিসেবে গ্রহণ করা হয়েছে। প্রতিবেদনগুলো হলো Structure plan, Urban Area Plan এবং Rural and Action Area Plan প্রতিবেদনগুলো বিভিন্ন সময়ে স্টিয়ারিং কমিটি ও কর্মশালার মাধ্যমে যাচাইপূর্বক চূড়ান্ত করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

১৮.২। উপজেলার উন্নয়ন পরিকল্পনা ফরতে যেয়ে বাস্তুতন্ত্র, অর্থনীতি এবং সামাজিক সম্পদকে দেশের উন্নয়ন প্রক্রিয়ার মূল ধারার সাথে একত্রীকরণ করা; প্রকল্প এলাকার কৃষি জমি রক্ষা করা; প্রকল্প এলাকায় পর্যটন শিল্পের উন্নয়ন; প্রকল্প এলাকায় দুর্ঘোগ ঝুঁকি হাস করা হবে মর্মে উদ্দেশ্য হিসেবে উল্লেখ করা হয়েছে। স্থানীয় পরিকল্পনাকে আঞ্চলিক বা জাতীয় পরিকল্পনার সাথে কিভাবে সমন্বয় বা লিংক করানো যায় সে সব স্ট্যাডি অন্তর্ভুক্ত করা প্রয়োজন ছিল।

১৮.৩। প্রকল্পের মাধ্যমে Baseline survey, Socio-economic survey, physical features survey, Land use and Topography survey, Transportation Survey, Geological survey and Hydrological survey করা হয়েছে। এগুলোর যথার্থতা যাচাই করা প্রয়োজন।

১৮.৪। প্রকল্পটির আওতায় মীরসরাই উপজেলার স্ট্রাকচার প্ল্যান ও এ্যাকশন এরিয়া প্ল্যান প্রস্তুত করা হয়েছে। উপজেলার সরকারি প্রতিষ্ঠানসমূহ, পৌরসভাসমূহ বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে উক্ত প্ল্যান বাস্তবায়ন করবে। কিন্তু প্ল্যানের আলোকে প্রকল্প বাস্তবায়ন হচ্ছে কিনা তা মনিটরিংয়ের কোন প্রাতিষ্ঠানিক কাঠামো না থাকায় প্ল্যান বাস্তবায়ন ও পরবর্তী কার্যক্রম মনিটরিং যথাযথভাবে সম্পন্ন হচ্ছে না।

১৮.৫। **নিজস্ব জনবল ও দক্ষতার ঘাটতি:** প্রকল্প অফিস হতে ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত জিআইএস সফটওয়্যার ও আনুষঙ্গিক ম্যাপ উপজেলা পরিষদ ও পৌরসভার তথ্য কেন্দ্রের উদ্যোগান্ডের নিকট হস্তান্তর করা হবে। কিন্তু প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত প্ল্যানের আলোকে ভূমি ব্যবহার সংক্রান্ত অনুমোদন ও পর্যবেক্ষণের জন্য আঞ্চলিক পর্যায়ে (উপজেলা পরিষদ ও পৌরসভায়) নিজস্ব দক্ষ জনবলের ঘাটতি রয়েছে।

১৮.৬। প্রকল্পটি ৩০ জুন ২০২০ সালে সমাপ্ত হয়েছে। বর্তমানে মীরসরাই উপজেলার ডেভেলপমেন্ট গেজেট করার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে। গেজেট হয়ে গেলে বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য প্রতিটি গ্রামে শহরের সুবিধাসমূহ পৌছে দেয়া সহজতর হবে বলে আশা করা যায়।


১৮.৭। Time over run: প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল অধিক সময় অতিবাহিত হয়েছে। মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ১৮ মাস সময় বেশী (৭৫%) ব্যয়


হয়েছে। প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার ফলে উপকারভোগীদের প্রকল্পের সুফল পেতে অত্যধিক বিলম্ব ঘটেছে।
প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনার ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।

১৮.৮। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য: গত ২৯/০৮/২০১৯ ইং তারিখ পর্যন্ত প্রকল্পের, ২০১৪-২০১৫ হতে ২০১৭-১৮ অর্থ বছরের পূর্তি অডিট সম্পন্ন করা হয় এবং চার (০৪) টি আপত্তি সাধারণ অনুচ্ছেদ হিসেবে দেয়া হয়।
২৯/০৯/২০১৯ইং আপত্তিগুলোর ব্রডশিট জবাব নিষ্পত্তির জন্য পরিচালক পূর্তি অডিট দপ্তরে স্মারক নং: ২৫.৪৬.০০০০.০০২.০১.১৮১.১৫/১৮.২৬২; তারিখঃ ২৯/০৯/২০১৯ইং এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে। তবে অডিট প্রতিবেদন আইএমইডিতে পাওয়া যায়নি।

১৮.৯। অনুচ্ছেদ ১৯.১ হতে ১৯.৮ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক
আগামী ০১ মাসের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিকে অবহিত করবে।

১৯। প্রকল্প বাস্তবায়নের কতিপয় চিত্র:

	
চিত্র (১) মীরসরাই ইউএনও অফিসে সাক্ষাত্কার	(২) মীরসরাই পৌরসভার চিত্র।

	
চিত্র (৩) মীরসরাই পৌরসভার মহামায়া লেক।	চিত্র (৪) মীরসরাই পৌরসভার সড়কের চিত্র।

২০। সুপারিশ/ মতামত :

২০.১। প্রকল্পের মাধ্যমে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক উপজেলা মাস্টার প্লান প্রণয়নের কাজ সম্পন্ন হয়েছে। মাস্টার প্লান প্রণয়নে
৩টি প্রতিবেদন পরামর্শকগণের নিকট হতে আউটপুট হিসেবে গ্রহণ করা হয়েছে। প্রতিবেদনগুলো হলো Structure plan,
Urban Area Plan এবং Rural and Action Area Plan প্রতিবেদনগুলো বিভিন্ন সময়ে স্টিয়ারিং কমিটি ও
কর্মশালার মাধ্যমে যাচাইপূর্বক চূড়ান্ত করা হয়েছে। মাস্টার প্লান যথাযথ বাস্তবায়নের বিষয়ে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা
(ইউডিডি) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে।

২০.২। উপজেলার উন্নয়ন পরিকল্পনা করতে যেয়ে বাস্তুতন্ত্র, অর্থনীতি এবং সামাজিক সম্পদকে দেশের উন্নয়ন প্রক্রিয়ার মূল ধারার সাথে একত্রীকরণ করা; প্রকল্প এলাকার কৃষি জমি রক্ষণ করা; প্রকল্প এলাকায় পর্যটন শিল্পের উন্নয়ন; প্রকল্প এলাকায় দুর্যোগ ঝঁকি হাস করা হবে মর্মে উদ্দেশ্য হিসেবে উল্লেখ করা হয়েছে। স্থানীয় পরিকল্পনাকে আঞ্চলিক বা জাতীয় পরিকল্পনার সাথে কিভাবে সমন্বয় বা লিংক করানো যায় সেসব স্ট্যাডি একাডেমিক চৰ্চা করে বস্তুনিষ্ঠ প্রকল্প গ্রহণ করা যেতে পারে;

২০.৩। প্রকল্পটির আওতায় মীরসরাই উপজেলার স্ট্রাকচার প্ল্যান ও এ্যাকশন এরিয়া প্ল্যান প্রস্তুত করা হয়েছে। প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত স্ট্রাকচার প্ল্যান ও এ্যাকশন এরিয়া প্ল্যান অনুযায়ী ভূমি ব্যবহার ও উন্নয়ন প্রকল্প গ্রহণ হচ্ছে কিনা তা মনিটরিংয়ের জন্য সুনির্দিষ্ট প্রাতিষ্ঠানিক কাঠামো প্রণয়নপূর্বক উন্নয়ন প্রকল্প প্রণয়নের বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

২০.৪। উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে ভূমি ব্যবহার সংক্রান্ত পরিকল্পনা বাস্তবায়ন ও মনিটরিংয়ের স্বার্থে নিজস্ব দক্ষ জনবল প্রয়োজন। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এ বিষয়ে নীতি নির্ধারণী পর্যায়ে যথাযথ উদ্যোগ গ্রহণ করে আইএমইডিকে অবহিত করবে;

২০.৫। আলোচ্য প্রকল্পটি ৩০ জুন ২০২০ সালে সমাপ্ত হয়েছে। বর্তমানে মীরসরাই উপজেলার ডেভেলপমেন্ট প্লান গেজেট করার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে মর্মে জানা যায়। তাই সরকারের আকাঞ্চা অনুযায়ী প্রতিটি গ্রামে শহরের সুবিধাসমূহ পৌছে দেয়ার লক্ষ্যে ডেভেলপমেন্ট প্লান অতি দুর্ত গেজেট আকারে প্রকাশ করে প্রতিটি সংশ্লিষ্ট উপজেলা ও পৌরসভায় প্রেরণ করতে হবে;

২০.৬। প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের সম্বুদ্ধ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পের ডিজাইন /পরিকল্পনা এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের Time over run বা Cost over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়;

২০.৭। প্রকল্পের আওতায় অনিষ্পত্তি অভিট অপত্তি নিষ্পত্তিকরণ: অভিট প্রতিবেদন আইএমইডিতে দুর্ত প্রেরণ করতে হবে;

২০.৮। অনুচ্ছেদ ২১.১ হতে ২১.৭ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আগামী ২১ (একুশ) দিনের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিকে অবহিত করবে।

১০/১২/২০২০
মশিউর রহমান
উপ-পরিচালক (উপসচিব)।